# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১১৭১ তারিখ : ৩১/০৮/২০২৫

বিষয়: মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে সতর্কতা প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫" এর উপধারা ৩.২ অনুযায়ী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইন আবেদনে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে নিম্নে বর্ণিত যোগ্যতা থাকতে হবে:

মুক্তিযোদ্ধা কোটার যাগ্যতাঃ এ কোটায় আবেদনের ক্ষেত্রে শিক্ষার্থীকে অবশ্যই মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান হতে হবে।

উল্লেখ্য, এ কোটায় সিলেকশনপ্রাপ্ত শিক্ষার্থীদের কলেজে ভর্তির সময় সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রদর্শন করতে হবে। সেক্ষেত্রে উক্ত কোটার সঠিক প্রমাণক জমা দিতে ব্যর্থ হলে শিক্ষার্থী ভর্তি হতে পারবে না। অতএব যে সকল শিক্ষার্থী মুক্তিযোদ্ধা কোটার বর্ণিত যোগ্যতা না থাকা সত্ত্বেও (যেমন:মুক্তিযোদ্ধার নাতি/নাতনী) আবেদন করেছে বা নিশ্চায়ন করেছে তাদেরকে সংশ্লিষ্ট বোর্ডে গিয়ে আবেদন বা নিশ্চায়ন বাতিলপূর্বক পুনরায় আগামী ০১/০৯/২০২৫ তারিখের মধ্যে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হলো। অন্যথায় পরবর্তীতে ভর্তিতে উদ্ভূত জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩১.৪.২০২৫

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবক